

১৬ অক্টোবর, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে বিভিন্ন স্থানে পূজামন্ডপ, মন্দির ও হিন্দু সম্প্রদায়ের বাড়ীঘর ও ব্যবসা প্রতিষ্ঠানের উপর হামলায় হতাহতের ঘটনায় তীব্র নিন্দা ও জড়িতদের যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

দেশের বিভিন্ন স্থানে দুর্গাপূজামন্ডপ সহ মন্দির ও হিন্দু সম্প্রদায়ের বাড়ীঘর ও ব্যবসা প্রতিষ্ঠানের উপর হামলার ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট। কুমিল্লার পূজামন্ডপের একটি ঘটনাকে কেন্দ্র করে হতাহতের ঘটনাসহ বিগত কয়েকদিন যাবত দেশের বিভিন্ন স্থানে এ ধরনের হামলার ঘটনা ঘটেছে বলে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে।

প্রত্যেকটি ঘটনার সুষ্ঠু তদন্তসহ দায়ী ব্যক্তিদের বিচারের আওতায় এনে যথাযথ শাস্তি নিশ্চিত করার দাবী জানাচ্ছে ব্লাস্ট। প্রত্যেক নাগরিকদের জান-মালের সর্বোচ্চ নিরাপত্তা ও ধর্ম পালনের স্বাধীনতা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। ব্লাস্ট প্রত্যাশা করে নাগরিকদের এসকল সাংবিধানিক অধিকার চর্চায় রাষ্ট্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আরো বেশী সচেষ্টিত থাকবে এবং ভবিষ্যতে এধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে সেজন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

বার্তা প্রেরক:

কমিউনিকেশন বিভাগ

ই-মেইল: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)